

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা
প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-দুদক/জনসংযোগ/

তারিখ: ২৪/০৫/২০১৫ খ্রি:

বিষয় : দুর্নীতি বিরোধী বিতর্ক প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে দুর্নীতি বিরোধী বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনের সাবেক চেয়ারম্যান প্রফেসর ড. এ কে আজাদ চৌধুরী বলেন, দুর্নীতির পরিণতি ভয়ঙ্কর- কোর্টে অথবা আইনের বেড়া জালের ফাঁক ফোকড় দিয়ে অভিযোগ থেকে নিজেকে রক্ষা করা গেলেও অন্তরের দগ-দগে যা যা মৃত্যুর পূর্ব পর্যন্ত যন্ত্রনা দিবে। তিনি বলেন জীবনের সফলতার মূলে রয়েছে সততা, নিষ্ঠাবোধ, একগ্রতা ও সৃজনশীলতা। এ প্রসঙ্গে বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ী তরুণ প্রজন্মের সদস্যদের উদ্দেশ্যে তিনি বলেন স্বচ্ছতা, জবাবদিহিতা ও মেধার লালনের মাধ্যমে তোমরা জীবনে সাফল্য বয়ে আনবে।

বর্তমান দুর্নীতি দমন কমিশনের সাহসিকতার প্রশংসা করে তিনি বলেন কেবল বর্তমান কমিশনই সরকারি দলের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে মামলা দায়ের করতে ন্যূনতম অনুকম্পা প্রদর্শন করেনি। যে দেশের মানুষ ৩০ লক্ষ জীবনের বিনিময়ে স্বাধীনতা অর্জন করেছে সে দেশে দুর্নীতি অবশ্যই নির্মূল হবে।


অনুষ্ঠানের সভাপতির ভাষণে কমিশনের চেয়ারম্যান মো: বদিউজ্জামান বলেন মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা স্বাধীনতা, ভূ-খন্ড ও পতাকা পেয়েছি। কিন্তু মুক্তি তথা অর্থনৈতিক মুক্তির পথ রুদ্ধ করেছে দুর্নীতিই। তিনি বলেন দুর্নীতির বিরুদ্ধে তরুণ প্রজন্মের দৃঢ় প্রত্যয় দুর্নীতিমুক্ত সমাজ গঠনের অতীষ্ঠ লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি। দেশের দুর্নীতিকে নির্মূল অথবা সহনীয় পর্যায়ে নামিয়ে আনার ক্ষেত্রে দুর্নীতি দমন কমিশন দৃঢ় প্রতিজ্ঞ।

দুদক কমিশনার মো: সাহাবুদ্দিন বলেন সততা সংঘের সদস্য তথা এ প্রজন্মের ছাত্র-ছাত্রীরাই দেশের ভবিষ্যৎ কাভারি। দুর্নীতিবাজদের বিরুদ্ধে দেশব্যাপী তরুণ প্রজন্ম গর্জে উঠলেই দুর্নীতিবাজরা পরাজিত হবে। তিনি বলেন বাংলাদেশ জাতিসংঘের দুর্নীতি বিরোধী সনদে স্বাক্ষরকারী দেশ হিসেবে পৃথিবীর অন্যান্য দেশের জনগণের ন্যায় বাংলাদেশের জনগণও দুর্নীতি প্রতিরোধে অগ্রণী ভূমিকা পালন করবে। তিনি বলেন দুর্নীতি প্রতিরোধ কমিটি, সততা সংঘসহ সকলের সহযোগিতায় কমিশনের লক্ষ্য বাস্তবায়নে আমরা অঙ্গীকারবদ্ধ।

বিশেষ অতিথির বক্তব্যে দুদক কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ বলেন বাংলাদেশ জাতিসংঘের দুর্নীতি বিরোধী সনদে স্বাক্ষরকারী দেশ। তাই দুর্নীতি দমন কমিশন দুর্নীতি প্রতিরোধে সমাজের সকল স্তরের মানুষকে সম্পৃক্ত করার চেষ্টা করে যাচ্ছে। তরুণ প্রজন্মের সততা সংঘের সদস্যদের উদ্দেশ্যে তিনি বলেন সমাজে সততা ও নিষ্ঠার আন্দোলনে তোমরা সম্পৃক্ত হলে ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত ও দুর্নীতিমুক্ত সোনার বাংলা গড়া সময়ের ব্যাপার মাত্র।

দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান মো: বদিউজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কমিশনের সচিব মো: মাকসুদুল হাসান খান, মহাপরিচালক ড. মো: শামসুল আরেফিন, চাঁদপুর জেলা বিতর্ক দলের বিতর্কিক সুমাইয়া বিনতে জিলানী, বাগেরহাট জেলা বিতর্ক দলের বিতর্কিক ফারহানা নূর প্রজ্ঞা প্রমুখ। অনুষ্ঠানে বিতর্ক প্রতিযোগিতায় মাধ্যমিক পর্যায়ে চ্যাম্পিয়ন সিরাজগঞ্জ জেলা দল, রানার্স আপ চাঁদপুর জেলা দল এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে চ্যাম্পিয়ন বাগেরহাট জেলা দল ও রানার্স আপ শেরপুর জেলা দল। শ্রেষ্ঠ বিতর্কিকগণ অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও সভাপতির হাত থেকে ক্রেস্ট, নগদ অর্থ ও সার্টিফিকেট পুরস্কার হিসেবে গ্রহণ করেন।

অনুষ্ঠান শেষে দুর্নীতি বিরোধী এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।


24.05.15
(প্রণব কুমার ভট্টাচার্য্য)
জনসংযোগ কর্মকর্তা